

Outcome of the Bengali General / Programme Course
Sitalkuchi College
Department of Bengali

Programme specific Outcome:

PSO1: বাংলা ভাষা ও সাহিত্যের ছাত্র-ছাত্রীরা বাংলা সাহিত্যের ইতিহাস জানতে পারবে। সমাজ-সাহিত্য-ভাষা, মানবিকী বিদ্যাচর্চা, ইতিহাস ও পরিবেশ-প্রকৃতি, অর্থ-সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক পরিবেশ পর্যালোচনা ও পরিবর্তনে সাহিত্যের ভূমিকা জানতে পারবে।

PSO2: বাংলা সাহিত্যের ছাত্র-ছাত্রীদের যোগাযোগের দক্ষতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে জটিল কোনো সমস্যা বিষয়ে যুক্তি ও বিশ্লেষণের মধ্য দিয়ে সমস্যা সমাধানের বিষয়ে যথেষ্ট জ্ঞান লাভ করে, যা জীবনব্যাপী নৈতিক শিক্ষাদানের অঙ্গ হিসাবে কাজ করে। ভিন্ন মতাবলম্বী মানুষের মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করতে পারবে।

PSO3: এই কোর্সটি সাহিত্যের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ আকর্ষণীয় ও কর্মমুখী পেশা নির্বাচনের ক্ষেত্রে বেশ কিছু দিকনির্দেশ করে। পাশাপাশি শিক্ষার্থীদের উচ্চশিক্ষা লাভ করার ক্ষেত্রে যেমন- বাংলা বিষয়ে স্নাতোকোত্তর ডিগ্রি লাভ, গবেষণা কর্ম করার পাশাপাশি তুলনামূলক সাহিত্য পাঠ, সাংবাদিকতা, ভাষাতত্ত্ব বিভিন্ন অভিকরণ শিল্প বেশ কয়েকটি বিষয়ে উচ্চশিক্ষা লাভের সুযোগ করে দেয়।

PSO4: এই কোর্সটি শেষে শিক্ষার্থী বিভিন্ন কর্ম সংযোগের সুযোগ লাভ করে। যেমন- শিক্ষকতা, সাংবাদিকতা, অভিনয়, পশ্চিমবঙ্গ সরকার ও ভারত সরকারের বিভিন্ন বিভাগে প্রতিযোগিতামূলক পরীক্ষার মধ্য দিয়ে নিজেকে কাজের সঙ্গে যুক্ত করার সুযোগ লাভ করে।

PSO5: শিক্ষার্থী সামাজিক সমস্যাগুলিকে উন্নত বিজ্ঞান-প্রযুক্তির যুগে সামাজিক যোগাযোগের মাধ্যমগুলিতে দ্রুত প্রচার করে সেই সমস্যা সমাধানের পথ দেখাতে পারবে। এই কোর্স করার সঙ্গে সঙ্গে শিক্ষার্থী স্পষ্ট ভাবে কথা বলতে, পড়তে, লিখতে পারবে।

PSO6: এই কোর্সটি পড়ে শিক্ষার্থী একজন দায়িত্বশীল নাগরিক হয়ে উঠতে পারবে। সামাজিক উন্নয়ন, উন্নত শিক্ষা, স্বাস্থ্য ও সুস্থ সংস্কৃতির মধ্যদিয়ে সমাজ পরিবর্তনের ভূমিকা পালন করতে পারবে।

PSO7: দেশ ও জাতির কাজে স্বধীনভাবে জড়িত থেকে ক্ষমতা অর্জন করে স্বচ্ছভাবে পরিচালনা করে আর্থ-সামাজিক, রাজনৈতিক পরিবর্তন সাধনে অংশগ্রহণ করতে পারবে। বাংলা সাহিত্যের মূল বিষয়গুলি সঠিক ভাবে উপলব্ধি করার পর উদার মানসিকতা গঠন করে সামাজিক বিপ্লবের মাধ্যমে জাতীয় ও আঞ্চলিক সংস্কৃতি, ভাষা, সাহিত্য ও ঐতিহ্যকে ধরে রাখার ধারণা প্রদান করতে পারবে।